

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪২৭

আগরতলা, ১ জানুয়ারি, ২০২৪

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার তৃতীয় অধিবেশন
অধিবেশন চলাকালীন বিধানসভা চত্বরে নিরাপত্তামূলক ব্যবস্থা

আগামী ৫ জানুয়ারি থেকে শুরু হবে ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার তৃতীয় অধিবেশন। অধিবেশন চলাকালীন সময়ে বিধানসভা চত্বরে প্রবেশের জন্য বিধানসভার সচিবালয় থেকে কিছু নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিধানসভার সচিবালয় থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মনুষ্যচালিত রিক্সা ব্যতীত কোনও ব্যক্তি বা কোনও যানবাহন বৈধ অনুমতিপত্র ছাড়া বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবে না। ত্রিপুরা বিধানসভার সদস্য, সংবাদমাধ্যমের প্রতিনিধি ও বিধানসভার কর্মচারীদের বিধানসভায় প্রবেশের সময় গেটে কর্তব্যরত নিরাপত্তা রক্ষীগণ দেখতে চাইলে তাদের পরিচয়পত্র অথবা বৈধ অনুমতিপত্র দেখাতে হবে। ত্রিপুরা বিধানসভার সদস্য, সংবাদমাধ্যমের প্রতিনিধি এবং বিধানসভার সচিবালয়ে কর্মরত কর্মচারীগণকে গাড়ি অথবা অন্য কোনও যানবাহনে কোনও সহযাত্রী ছাড়া বৈধ অনুমতিপত্র নিয়ে বিধানসভা চত্বরে প্রবেশ করতে হবে। বিধানসভায় প্রবেশের ক্ষেত্রে ত্রিপুরা বিধানসভার সদস্য সদস্যগণের ব্যক্তিগত দেহরক্ষীর পৃথক কোনও অনুমতিপত্রের প্রয়োজন নেই। ব্যাগ, অন্যান্য আপত্তিকর জিনিসপত্র নিয়ে কোনও দর্শক, সরকারি কর্মচারি, সংবাদমাধ্যমের কর্মী এবং বিধানসভার কর্মী বিধানসভার অধিবেশন কক্ষে প্রবেশ করতে পারবেন না। বিধানসভার অধিবেশন কক্ষে মোবাইল ফোন ব্যবহার করা যাবে না।
